

গণজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/৩পি-৩/২০০৫/ ৩৭৬

তারিখ : ১৩/১১/২০০৭ খ্রিঃ
২৯/০৭/১৪১৪ বাং

বিষয় : বিধবা স্ত্রীগণের আজীবন পারিবারিক পেনশন প্রাপ্তি সংক্রান্ত।

সূত্র : অর্থ বিভাগের ২৩/৭/২০০১ খ্রিঃ (০৮/৪/১৪০৮ বাং) তারিখের অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/ ১০৩ নং স্মারক।

সরকারী কর্মকর্তা/কর্মচারীগণের যে সকল বিধবা স্ত্রীদের পারিবারিক পেনশন ভোগের মেয়াদ ১-৬-১৯৯৪ তারিখের পূর্বে সমাপ্ত হয়েছে তাঁদেরকে আজীবন পারিবারিক পেনশন প্রাপ্তির সুযোগ প্রদানের জন্য অর্থ বিভাগের ২৩/৭/২০০১ তারিখের অম/অবি/বিধি-১/৩পি-২০/৯৫/১০৩ নং স্মারকের বিধান নিম্নোক্তভাবে সংশোধন করা হল।

“১-৬-১৯৯৪ তারিখের পূর্বে তৎকালীন প্রচলিত বিধান অনুযায়ী যে সকল বিধবা স্ত্রীগণের পারিবারিক পেনশন ভোগের সময়সীমা (১৫ বৎসর) উত্তীর্ণ হয়েছে এবং তাঁদের মধ্যে যারা এখন পর্যন্ত অর্থ বিভাগের ৩০/৯/১৯৯৫ তারিখের ৯৩ নং স্মারক অনুযায়ী পেনশনের সুবিধা প্রাপ্ত হননি তাঁরা আজীবন পারিবারিক পেনশনের জন্য আবেদন করতে পারবেন। তবে এ ধরনের কোন পেনশন পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে :-

- (ক) আজীবন পারিবারিক পেনশন চালু করার নিমিত্ত যে সকল কাগজাদি/প্রমানক হিসাব রক্ষণ অফিসে দাখিল করা হবে তা সর্বশেষ নিয়ন্ত্রণকারী প্রশাসনিক কর্তৃপক্ষের প্রত্যয়নসহ হিসাব রক্ষণ অফিসে দাখিল করতে হবে।
- (খ) এ ধরনের পেনশন মঞ্জুরী প্রদানের ক্ষেত্রে আবেদনকারীর পরিচিতি সম্পর্কে সন্দেহ হলে স্থানীয় পুলিশ প্রশাসনের মাধ্যমে সনাক্তকরণের ব্যবস্থা নিতে হবে।

২। সূত্রস্থ স্মারকখানি এই মর্মে সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/-

(রাজিয়া বেগম এনডিসি)

যুগ্ম-সচিব

বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ

অর্থ বিভাগ

নং-অম/অবি/বিধি-১/৩পি-৩/২০০৫/ ৩৭৬

তারিখ : ১৩/১১/২০০৭ খ্রিঃ
২৯/০৭/১৪১৪ বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল :-

১. মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, রাষ্ট্রপতির সচিবালয়, বঙ্গভবন, ঢাকা।
৪. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ, অডিট হাউজ, ৪ আঞ্জুমান মফিদুল ইসলাম সড়ক, ঢাকা।
(তঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব (তঁর অধীনস্থ সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
(মন্ত্রণালয়/বিভাগ)।
৬. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৭. হিসাব মহা নিয়ন্ত্রক (বেসামরিক), বাংলাদেশ, ঢাকা (তঁর অধীনস্থ অফিসসমূহে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সিজিডিএফ, বাংলাদেশ, ঢাকা।
৯. অর্থ বিভাগের সকল অনুবিভাগ।
১০. বিভাগীয় কমিশনার (সকল)
১১. জেলা প্রশাসক (সকল)
(তঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১২. পরিচালক, রেলওয়ে অডিট, সি, আর, বি ভবন, চট্টগ্রাম।
১৩. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
(সকল মন্ত্রণালয়/বিভাগ)
১৪. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল জেলা).....
(তঁর অধীনস্থ সকল অফিসসমূহে এর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।

১৩/১১/০৭

(মোঃ ইউনুচ আলী খান)

সহকারী সচিব

ফোন : ৭১৭১৬৬০